

নং-১২.০০.০০০০.০৩৮.০৬.০০৯.২১-৪৯৭

তারিখ : ২৩ কার্তিক ১৪২৮
০৮ নভেম্বর ২০২১

অফিস আদেশ

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর “২.৪ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ হস্তান্তর” কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠুভাবে বাস্তবায়ন, কার্যক্রম ত্বরান্বিত ও মনিটরিং ও মনিটর করার জন্য নিম্নরূপে “সমাপ্ত প্রকল্পের সম্পদ হস্তান্তর কার্যক্রম বাস্তবায়ন ও মনিটরিং কমিটি” গঠন করা হলো :

১। অতিরিক্ত সচিব (নিরীক্ষা)	-সভাপতি
২। যুগ্মসচিব (গবেষণা)	-সদস্য
৩। যুগ্মসচিব (উপকরণ)	- সদস্য
৪। যুগ্মসচিব (সম্প্রসারণ)	- সদস্য
৫। উপসচিব/সিনিয়র সহকারী সচিব (মনিটরিং ও রিপোর্টিং)	- সদস্য সচিব

২। কমিটির কার্যপরিধি :

- ক) কমিটি ২০২১-২২ অর্থ বছরে বিভিন্ন দপ্তর/সংস্থার সমাপ্ত প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র) ইত্যাদির বর্তমান অবস্থা (ব্যবহারযোগ্য/অব্যবহারযোগ্য) সম্পর্কে বিস্তারিত তথ্য উপাত্ত সংগ্রহ করবে;
- খ) কমিটি প্রকল্পের যানবাহন সরকারি পরিবহন পুলে জমাদান সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র অনুসারে দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত কার্যক্রম সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করবেন;
- গ) কৃষি মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় উল্লিখিত সময়ের মধ্যে সমাপ্ত প্রকল্পের সম্পদ যথা নিয়মে দপ্তর/সংস্থা কর্তৃক হস্তান্তরের বিষয়টি বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করার জন্য নিয়মিত মনিটরিং করবেন।

৩। কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করবেন।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(তাসনিম জেবিন শেখ)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৪৯৬০৭

ই-মেইল: monitoring.reporting@yahoo.com

বিতরণ : কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) অতিরিক্ত সচিব (নিরীক্ষা), কৃষি মন্ত্রণালয়।
- ২) যুগ্মসচিব (গবেষণা), কৃষি মন্ত্রণালয়।
- ৩) যুগ্মসচিব (উপকরণ), কৃষি মন্ত্রণালয়।
- ৪) যুগ্মসচিব (সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয়।
- ৫) উপসচিব/সিনিয়র সহকারী সচিব, মনিটরিং ও রিপোর্টিং শাখা, কৃষি মন্ত্রণালয়।

অনুলিপি (সদয় অগতির জন্য) :

১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
২. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।
৪. যুগ্মসচিব (বাজেট ও মনিটরিং) এর ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।

(তাসনিম জেবিন শেখ)
সিনিয়র সহকারী সচিব